গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ইএমআইএস সেল
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩৪

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের আগস্ট-২০২৬ মাসের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক বিল সাবমিট সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ ০১ জানুয়ারি ২০২৫ হতে EFT-তে প্রদান করা হচ্ছে। প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত আইডি এবং পাসওয়ার্ড-এর মাধ্যমে EMIS সিস্টেমের MPO-EFT মডিউলে লগ-ইন করে Bill Submit করেন। এক্ষেত্রে, প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জন্য আলাদা আলাদাভাবে বিধিমোতাবেক প্রাপ্য এমপিও এর অর্থ সঠিকভাবে নির্ধারণ করে বিল সাবমিট করেন। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে এমপিও এর অর্থ EFT-তে শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়।

প্রতিষ্ঠানের এমপিও তালিকায় বিদ্যমান শিক্ষক-কর্মচারীদের মধ্যে কেউ মৃত্যুবরণ বা পদত্যাগ করলে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট মাসে বিধিমোতাবেক তাঁর প্রাপ্যতা নির্ধারণ করে বিল সাবমিট করবেন। এছাড়া, সাময়িক বরখাস্ত, অনুমোদনহীন অনুপস্থিতি বা অন্য কোনো কারণে বিধিমোতাবেক কোনো শিক্ষক-কর্মচারীর আংশিক বা সম্পূর্ণ বেতন কর্তন/বন্ধ করার প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান Bill Submit অপশনে তা উল্লেখ করবেন। শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। ভুল তথ্যের কারণে কোনো শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরিত না হলে বা অতিরিক্ত অর্থ প্রেরিত হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

এমতাবস্থায়, **আগামী ২১/০৮/২০২৬ তারিখের মধ্যে আগস্ট-২০২৬ মাসের এমপিও বিল অনলাইনে সাবমিট করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

১৬-০৮-২০২৬
প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধীদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ)।
২। সভাপতি, প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৫। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৬। জেলা শিক্ষা অফিসার, -সকল জেলা।

৭। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)।
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, - সকল উপজেলা/থানা।
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

১৬-০৮-২০২৬
মোঃ হুমায়ুন কবীর
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)